



GOVERNMENT OF WEST BENGAL

Office of the Principal

GOVERNMENT GENERAL DEGREE COLLEGE, NARAYANGARH

P.O. Bhadrakali :: Dist: Midnapur(West) :: West Bengal :: Pin: 721437, India, Phone: 03222-236512,13, :: Visit: www.ngc.ac.in

এটি Admission Prospectus এর একটি অংশ যা বোঝার সুবিধার্থে বাংলায় দেওয়া হল। কোনোমতেই Admission Prospectus এর বিকল্প নয়। আবেদনকারীকে যে কোনো গুরুত্বপূর্ণ তথ্য জানার জন্য বা সবক্ষেত্রে সব সময় Admission Prospectus দেখতে অনুরোধ করা হচ্ছে।

অনলাইন ভর্তি প্রক্রিয়া সম্পর্কে নিয়মাবলী:

1. আবেদন করার সময় প্রত্যেক আবেদনকারীর একটি নিজস্ব ইমেল আইডি এবং মোবাইল নম্বর (WhatsApp No. হলে ভাল হয়) থাকা বাধ্যতামূলক। যদি কারোর ইমেল আইডি না থাকে তাহলে তাকে আবেদন করার আগে তৈরী করে নিতে হবে।
2. আবেদন অনলাইন প্রক্রিয়ায় জমা হয়ে যাওয়ার পরে প্রত্যেক আবেদনকারীর কাছে তার registered mobile no. এ একটি SMS যাবে। এই SMS এ একটি Application ID এবং Password থাকবে, এই Application ID টি প্রত্যেক আবেদনকারীকে ঠিকভাবে নিজেদের কাছে রেখে দেওয়ার জন্য বলা হচ্ছে। তাছাড়া তাদের প্রিন্ট আউট নেওয়া ফর্মেও এই আইডিটি থাকবে। তারা যেন এই নম্বরটি কোনমতে হারিয়ে না ফেলে।
3. প্রত্যেক আবেদনকারীকে অনলাইন Application Form এর একটি প্রিন্ট আউট নেওয়ার জন্য বলা হচ্ছে। এই প্রিন্ট আউটটিতে তাদের সই করে ভালোভাবে রেখে দিতে বলা হচ্ছে কারণ এটি তাদের পরে প্রয়োজন হবে।
4. অনলাইন প্রক্রিয়ায় আবেদন করার শেষ তারিখের পরে একটি প্রভিশনাল মেরিট লিস্ট প্রকাশ করা হবে।
5. এই প্রভিশনাল মেরিট লিস্টে যদি কারোর নাম ভুলবশতঃ না থাকে বা যদি কোনো আবেদনকারীর এই প্রকাশিত মেরিট লিস্ট অর্থাৎ মেধা তালিকা সম্পর্কে কোনো অভিযোগ থাকে তাহলে সেই কথা স্পষ্টভাবে জানিয়ে বক্তব্য নথিভুক্ত করতে হবে admission@ngc.ac.in এই ইমেল অ্যাড্রেসে। মনে রাখতে হবে যে এই মেধা তালিকা প্রকাশিত হওয়ার পর ৪৮ ঘণ্টা সময় তারা পাবে তাদের অভিযোগ নথিভুক্ত করার জন্য। অভিযোগ নথিভুক্ত করার সময় তাদের অনলাইন প্রক্রিয়ায় জমা দেওয়া Application Form এর প্রিন্ট আউট এর ছবি বা Scanned image ইমেল এর সঙ্গে জুড়ে দেওয়া বাধ্যতামূলক। এটি না থাকলে কোনো অবস্থাতেই অভিযোগ গ্রাহ্য হবে না।
6. অ্যাডমিশন হওয়ার ই-কাউন্সেলিং লিস্ট এ প্রত্যেকটি নামের পাশে একটি করে লিঙ্ক থাকবে। সেই লিঙ্ক এ ক্লিক করলে আবেদনকারীর একটা অ্যাডমিশন কোড জেনারেট হবে। এই কোডটি ভীষণ গুরুত্বপূর্ণ, কারণ অনলাইন প্রক্রিয়ায় তারা যখন অ্যাডমিশন ফি দিতে যাবে তখন অনলাইন চালানে তাদের এই কোডটি লিখতে হবে।

7. প্রত্যেক আবেদনকারীকে জানানো হচ্ছে যে ভর্তি প্রক্রিয়া শুরু থেকে শেষ পর্যন্ত কোনসময়েই কোনো অবস্থাতেই কলেজে আসার প্রয়োজন নেই।
8. যে কোনো কোর্সেই ভর্তি প্রক্রিয়াটি যথাযথভাবে মেধা অনুযায়ী হবে। ভর্তি ফি কোনো পরিস্থিতিতেই ফেরৎ যোগ্য নয়।
9. অনলাইন সিস্টেমের মাধ্যমে সম্পূর্ণ ভর্তি প্রক্রিয়াটি Provisional।
10. ভর্তি প্রক্রিয়ার অংশ হিসাবে সমস্ত ডকুমেন্টের Physical Verification এর সময় যদি কোনো আবেদনকারীর Application Form এ প্রদেয় কোনো তথ্যের সাথে অসঙ্গতি বা ভুল পাওয়া যায় বা তাদের জমা দেওয়া কোনো নথির মধ্যে কোনো ভুল পাওয়া যায় তাহলে তৎক্ষণাৎ তাদের আবেদন বাতিল করা হবে।
11. যে সমস্ত আবেদনকারী ভর্তির সুযোগ পাচ্ছে তাদের প্রত্যেককে একটি অ্যান্টির্যাগিং অ্যাফিডেফিট ও একটি আন্ডারটেকিং এর প্রিন্ট আউট নিতে হবে এবং সই করে ডকুমেন্ট ভেরিফিকেশন এর সময় কলেজে জমা করতে হবে। দুটি ডকুমেন্ট প্রিন্ট নেওয়ার জন্য লিঙ্ক অ্যাডমিশন পোর্টালে দেওয়া থাকবে।
12. অনলাইন প্রক্রিয়ায় ভর্তি হয়েছে এমন কোনো আবেদনকারী ক্লাস শুরুর প্রথম দিন যদি রিপোর্ট না করে অথবা ক্লাস শুরুর পর পরপর সাত দিন কোনো তথ্য না দিয়ে বা কলেজ কে না জানিয়ে অনুপস্থিত থাকে তাহলে তার ভর্তি প্রক্রিয়াটি কোনো নোটিশ ছাড়াই বাতিল করা হবে।
13. একসাথে একাধিক কলেজে ভর্তি হওয়া বাঞ্ছনীয় নয়। এটা ধরে নেওয়া হবে যে একজন আবেদনকারী একই সময়ে যে কোনো একটি কলেজেই ভর্তি হবে।
14. যদি কোনো আবেদনকারী অন্য কলেজে ভর্তি হয়ে থাকে এবং পরবর্তীকালে সে এই কলেজে ভর্তি হতে চায় তাহলে আগের কলেজ থেকে একটি ট্রান্সফার সার্টিফিকেট নিয়ে এসে তার হার্ডকপি এই কলেজে জমা দিতে হবে।
15. ভর্তি সংক্রান্ত কোনো জিজ্ঞাসা থাকলে admission@ngc.ac.in এই ইমেল আইডিতে জানাতে হবে।
16. প্রযুক্তিগত কোনো সহায়তা বা অনলাইন ভর্তি সম্পর্কে কোনো সমস্যা থাকলে ৭০০১৩৬৬৩৩৮, ৯১২৬৫৬১৩৮৯ অথবা ৯০৬৪২৮৯৩৩১ নম্বরে যোগাযোগ করতে হবে। (সকাল ১০টা থেকে বিকাল ৫টার মধ্যে যে কোনো কাজের দিন।) মনে রাখা প্রয়োজন উপরি উক্ত নম্বরে যে কোনো আবেদনকারী তখনই ফোন করবে যখন তার প্রযুক্তিগত কোনো সমস্যা হবে। অন্য যে কোনো ধরনের সমস্যা বা জিজ্ঞাসা থাকলে উপরি উক্ত ইমেল এ মেল করতে হবে।